দৈনিক ইনকিলাব

তারিখ ... ... NOV 01 1999 ...
পৃষ্ঠা ৬ কলাম ১

308

# ঢাঃ বিঃ ক্যাম্পাসে ছাত্র লীগের হরতালবিরোধী সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্র লীগ সাধারণ সম্পাদক অজয় কর খোকন বলেছেন, উন্নয়ন ও অগ্রগতির অন্তরায় হরতালকে এদেশের ছাত্রসমাজ মেনে নিতে পারে না। খালেদা জিয়া অর্জিত গণতন্ত্রকে নস্যাৎ করার জন্য আজ সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টি করছে। তিনি বলেন, তাদের এই ষড়যন্ত্রকে বাংলার ছাত্রসমাজ বাস্তবায়ন হতে দেবে না। অজয় কর খোকন বিরোধী জোট আহূত আজকের হরতালের প্রতিবাদে গতকাল (রবিবার) ছ ত্র লীগের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল পরবর্তী সমাবেশে একথা বলেন। ডাকসু ভবনের সামনে অনুষ্ঠিত এ সমাবেশে আরো বক্তব্য রাখেন ছাত্র লীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সাজ্জাদ হোসেন।

অজয় কর খোকন বলেন, খালেদা জিয়া যদি মনে করেন সন্ত্রাস ও নৈরাজ্য সৃষ্টি করে নির্বাচিত গণতান্ত্রিক ও দেশপ্রেমিক সরকারকে উৎখাত করে অবৈধ পন্থায় ক্ষমতায় যাবেন। তবে তা কোনদিন বাস্তবায়ন হবে না। ছাত্রসমাজ এই চার অপশক্তির সকল ষড়যন্ত্র নস্যাৎ করে দিবে।